

💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ১১৬৪
সভা-সমাবেশ ও তার রীতিনীতি
পরিচ্ছেদঃ ৫৪৮- আমানত (বিশ্বস্ততাবারানী)।

بَابُ الأَمَانَةِ

আরবী

حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ، قَالَ: حَدَّثَنَا سُلَيْمَانُ، عَنْ ثَابِت، عَنْ أَنسٍ: خَدَمْتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم يَوْمًا، حَتَّى إِذَا رَأَيْتُ أَنِي قَدْ فَرَعْتُ مِنْ خِدْمَتِهِ قُلْتُ: يَقِيلُ النَّبِيُّ صلى الله عليه وسلم، فَخَرَجْتُ مِنْ عِنْدهِ، فَإِذَا غِلْمَةٌ يَلْعَبُونَ، فَقُمْتُ أَنْظُرُ إِلَيْهِمْ إِلَى لَعِبِهِمْ، الله عليه وسلم فَانْتَهَى إِلَيْهِمْ فَسَلَّمَ عَلَيْهِمْ، ثُمَّ دَعَانِي فَبَعَتَنِي إِلَى فَجَاءَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَانْتَهَى إِلَيْهِمْ فَسَلَّمَ عَلَيْهِمْ، ثُمَّ دَعَانِي فَبَعَتَنِي إِلَى حَاجَةٍ، فَكَانَ فِي فَيْءٍ حَتَّى أَتَيْتُهُ. وَأَبْطَأْتُ عَلَى أُمِّي، فَقَالَتْ: مَا حَبَسَكَ؟ قُلْتُ: بَعَثَنِي الله حَلجة وسلم إلى حَاجَةٍ، قَالَتْ: مَا هِيَ؟ قُلْتُ: إِنَّهُ سِرٌّ لِلنَّبِيِّ صلى الله عليه وسلم إلى حَاجَةٍ، قَالَتْ: مَا هِيَ؟ قُلْتُ: إِنَّهُ سِرٌّ لِلنَّبِيِّ صلى الله عليه وسلم الله عليه وسلم سَرَّهُ، فَمَا حَدَّثْتُ بِتِلْكَ عليه وسلم، فَقَالَت: احْفَظْ عَلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم سِرَّهُ، فَمَا حَدَّثْتُ بِتِلْكَ عليه وسلم، فَقَالَت: احْفَظْ عَلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم سِرَّهُ، فَمَا حَدَّثْتُ بِتِلْكَ الْحَاجَةِ أَحَدًا مِنَ الْخَلْقِ، فَلَوْ كُنْتُ مُحَدِّتًا حَدَّثُكَ بِهَا.

বাংলা

১১৬৪। আনাস (রাঃ) থেকে বর্ণিত। এক দিন আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খেদমত করলাম। শেষে আমি যখন দেখলাম যে, আমি তাঁর খেদমত থেকে অবসর হয়েছি, আমি ভাবলাম, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হয়তো দুপুরের বিশ্রাম নিবেন। তাই আমি তাঁর নিকট থেকে বের হয়ে চলে গেলাম। পথিমধ্যে শিশুরা খেলছিল। আমি তাদের খেলা দেখার জন্য দাড়িয়ে গেলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এসে তাদের নিকট পোঁছে তাদের সালাম দিলেন। অতঃপর আমাকে ডেকে একটি প্রয়োজনে পাঠালেন। আমি তার প্রয়োজন সেরে তার নিকট ফিরে এলাম এবং মায়ের নিকট ফিরে যেতে আমার বিলম্ব হলো। তিনি জিজ্ঞেস করলেন, বিলম্বের কারণ কি? আমি বললাম, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি প্রয়োজনে আমাকে পাঠিয়েছিলেন। তিনি জিজ্ঞেস করেন, তা কি? আমি বললাম, তা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর গোপনীয় বিষয়। তিনি বলেন, রাস্লুল্লাহু সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর গোপনীয় বিষয়ের হেফাজত করো। সৃষ্টিকুলের কারো সাথে আমি সে বিষয়ে আলোচনা করিনি। আমি যদি তা কারো কাছে বলতাম, তবে তা আপনার কাছে বলতাম। (বুখারী, মুসলিম, আহমাদ, মুসনাদ আব আওয়ানা)



English

Anas said, "I was serving the Messenger of Allah, may Allah bless him and grant him peace, one day. When I thought I had finished serving him, I said, 'The Prophet, may Allah bless him and grant him peace, is having a midday nap.' So I left him and there were some children playing. I stood looking at them and their game. The Prophet, may Allah bless him and grant him peace, came out, and came up to them and greeted them. Then he called me and sent me to get something he needed. He remained in the shade until I came back to him. I was late for my mother and she and he asked, 'What kept you?' I replied, The Prophet, may Allah bless him and grant him peace, sent me for something he needed.' 'What was it?' she asked. I replied, 'It is a secret of the Prophet, may Allah bless him and grant him peace.' She said, Keep the secret of the Messenger of Allah, may Allah bless him and grant him peace.' I did not tell anyone that secret. If I had told it, I would have told it to her.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন